‘কিম-ট্রাম্পের চুক্তির ভাগ্য নিশ্চিত নয়’

ডেস্ক রিপোর্ট
নিউজবিডি৭১ডটকম
ঢাকা: ইরান সরকারের মুখপাত্র মোহাম্মাদ বাকের নোবাখত বলেছেন, মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের মধ্যে সই হওয়া চুক্তির ভাগ্য নিশ্চিত নয়।

তিনি বলেন, আমি জানি না উত্তর কেরিয়ার নেতা কার সঙ্গে আলোচনা করছেন। এর কোনো নিশ্চয়তা নেই যে, কিম জং উন দেশে ফেরার আগেই ট্রাম্প এই চুক্তি লঙ্ঘন করবেন না।

সিঙ্গাপুরে মঙ্গলবার ট্রাম্প ও কিম শীর্ষ বৈঠকের পর একটি চুক্তিতে সই করেছেন যাতে বলা হয়েছে, দু দেশের শান্তি ও সমৃদ্ধির জন্য জনগণের ইচ্ছার ভিত্তিতে নতুন সম্পর্ক প্রতিষ্ঠা করা হবে। অন্যদিকে, কোরীয় উপদ্বীপকে পরিপূর্ণ পরমাণু নিরস্ত্রীকরণের জন্য উত্তর কোরিয়া এ চুক্তিতে প্রতিশ্রুতি দিয়েছে।

ইরানের পরমাণু সমঝোতা থেকে বেরিয়া যাওয়ার পর মার্কিন প্রেসিডেন্টের বিশ্বাসযোগ্যতা নিয়েও প্রশ্ন তোলেন নোবাখত। ট্রাম্প মার্কিন জ্ঞানী লোকদের প্রতিনিধিত্ব করেন না বলেও তিনি মন্তব্য করেন। সে কারণে আমেরিকার জনগণের অবশ্যই উচিত হচ্ছে-আগামী নির্বাচনে ট্রাম্প থেকে নিজেদেরকে সরিয়ে নেয়া।

বাকের নোবাখত আরও বলেন, কিছু কিছু দেশে এমন কয়েকজন নেতা রয়েছেন যারা রাষ্ট্রীয় ক্ষমতায় থাকার যোগ্য নন; এরা শুধু নিজের জনগণের ক্ষতি সাধন করেন।

নিউজবিডি৭১/আর/ ১৩ জুন , ২০১৮